

আবাসন সংকট সমাধান না হলে

উপাচার্য ভবনে উঠবেন ডাকসু নেতা!

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ২৫ অক্টোবর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট

অ- | অ | অ+

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আবাসন সংকট সমাধান না হওয়ায় আগামী ২৯ অক্টোবর প্রথম বর্ষের শিক্ষার্থীদের নিয়ে উপাচার্য অধ্যাপক আখতারুজ্জামানের বাসভবনে ওঠার ঘোষণা দিয়েছেন ডাকসু নেতা তানভীর হাসান সৈকত। বেঁধে দেওয়া ১৫ কার্যদিবসের মধ্যে গণরূপ সমস্যা সমাধানে বিশ্ববিদ্যালয় প্রশাসন কার্যকর পদক্ষেপ না নেওয়ায় এ ঘোষণা দিয়েছেন তিনি। গতকাল বৃহস্পতিবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির কার্যালয়ে এক সংবাদ সন্মেলনের মাধ্যমে এ ঘোষণা দেন তিনি। প্রথম বর্ষের শিক্ষার্থীরা এ সময় উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, গত ১ অক্টোবর সন্ত্রাসবিরোধী রাজু ভাস্কর্যের পাদদেশে গণরূপে থাকা শিক্ষার্থীদের নিয়ে বিশ্ববিদ্যালয়ের আবাসন সংকট সমাধানে সমাবেশ করেন ডাকসু সদস্য তানভীর হাসান সৈকত। তখন ১৫ কার্যদিবসের মধ্যে দৃশ্যমান পদক্ষেপ না নিলে শিক্ষার্থীদের নিয়ে উপাচার্যের বাসভবনে গিয়ে ওঠার সময় বেঁধে দেন তিনি। ওই আলটিমেটাম শেষ হবে আগামী ২৯ অক্টোবর।